



মির্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি, চলছে থেরাপি



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

ধীরে ধীরে সুস্থতার পথে বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। তার শারীরিক অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছেন তার সহধর্মিণী আফরোজা আব্বাস। মঙ্গলবার (২১ এপ্রিল) তিনি জানান, নিয়মিত থেরাপি দেওয়া হচ্ছে এবং আল্লাহর রহমতে এখন আগের তুলনায় অনেকটাই ভালো আছেন তিনি। ধীরে ধীরে সুস্থ হয়ে উঠছেন বলেও উল্লেখ করেন তিনি এবং সবার কাছে দোয়া কামনা করেন।

গত ১৪ এপ্রিল ফিজিওথেরাপির জন্য মির্জা আব্বাসকে মালয়েশিয়ার প্রিন্স কোর্ট মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসকদের তত্ত্বাবধানে তার পুনর্বাসন প্রক্রিয়া চলছে। এর আগে ১১ মার্চ ইফতারের সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। পরে নিউরো বিশেষজ্ঞদের একটি দল তার মস্তিষ্কে জরুরি অস্ত্রোপচার সম্পন্ন করে।

অস্ত্রোপচারের পর ১৫ মার্চ তাকে এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়, যেখানে প্রায় এক মাস নিবিড় চিকিৎসা শেষে তার অবস্থার উল্লেখযোগ্য উন্নতি হয়। চিকিৎসকদের পরামর্শেই পরবর্তীতে তাকে মালয়েশিয়ায় স্থানান্তর করা হয় ফিজিওথেরাপির জন্য।